# ALL INDIA RADIO, SILCHAR

**************

## EVENING NEWS BULLETIN

## BENGALI/ বাংলা

## TIME :- 7:45-7:55 PM

## DATE :- 23 MARCH, 2024

---

১) আসন্ন নির্বচনের প্রতি লক্ষ্য রেখে রাজ্যের অন্যান্য অংশের সঙ্গে বরাক উপত্যকায়ও নির্বাচনের প্রাথমিক পর্যায়ের প্রস্তুতি ও প্রচারাভিযান শুরু ।

২) ১৮ থেকে ১৯ বছর বয়সের প্রায় ১ কোটি ৮০ লক্ষ নতুন ভোটদাতা এবার আসন্ন লোকসভা নির্বাচনে প্রথম বারে মত তাদের ভোটাধিকার প্রয়োগ করবে বলে নির্বাচন কমিশনের প্রকাশ ।

৩) সুপ্রীম কোর্টের বিচারপতি সুর্য কান্তের জেলাস্তরে বিচার বিভাগীয় ব্যবস্থাকে আরো শক্তিশালী করে তোলার ওপর গুরুত্ব আরোপ ।

এবং

৩) কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ ( সি-বি-এস-ই )-র সমগ্র দেশের সি-বি-এস-ই অনুমোদিত বিদ্যালয়গুলিতে আকষ্মিক পরিদর্শন চালিয়ে আসামের দুটি সহ মোট ২০ বিদ্যালয়ের অনুমোদন বাতিল ও গ্রেড নিম্নগামী করার নির্দেশনা ।

---

বরাক উপত্যকার তিন জেলায়ও আসন্ন লোকসভা নির্বাচনের প্রস্তুতি ও প্রচার প্রাথমিকভাবে শুরু হয়েছে ।কাছাড় জেলায় লোকসভা নির্বাচনের আদর্শ আচরণবিধি এবং আইন-শৃঙ্খলা সেলের পক্ষ থেকে জেলার সব রাজনৈতিক দলের সভাপতি সম্পাদকদের জানানো হয়েছে যে সভা /সমাবেশ/অস্থায়ী পার্টী স্থাপন /হেলিকপ্টার অবতরণ ইত্যাদির অনুমতির জন্য আবেদন আদর্শ আচরণবিধির অধীনে সুবিধা বিভাগের EMC সেলে জমা দেওয়া যাবে । এধরণের সব আবেদন অনলাইনে suvidha.eci.gov.in এই পোর্টালে অথবা অফলাইনে জমা দেওয়া যাবে । সুবিধা বিভাগটি ২৪ ঘন্টা কাজ করছে এবং শিলচরে জেলা আয়ুক্তের কার্যালয়ের P F C ভবনে অফলাইনে আবেদন গ্রহণ ও অনুমতি প্রদানের জন্য কাজ চলছে । আবেদনকারীদের আবেদনপত্র , পুলিশ রিপোর্ট এবং সাইটের মালিকের কাছ থেকে এন ও সি সঙ্গে নিয়ে আসতে বলা হয়েছে ।

---

করিমগঞ্জ জেলায় আগামীকাল থেকে ভোটদাতা এবং সদ্য ভোটাধিকার প্রাপ্ত যুবা ভোটারদের মধ্যে ভোটদান প্রক্রিয়ায় স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণের জন্য ব্যাপক ভোটার সচেতনতা অভিযান চালানো হবে ।জেলার ভোটার সচেতনতা বা এস ভিপ সেলের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত জেলা আয়ুক্ত জানিয়েছেন আগামীকাল করিমগঞ্জের সাংস্কৃতিক সংস্থা বিশ্ববীণার পরিচালনায় উত্তর-করিমগঞ্জ বিধানসবা কেন্দ্রের চা বাগান পার্বত্য জাতিগোষ্ঠী ও সীআমন্ত এলাকায় পথনাটিকা অনুষ্ঠিত হবে । এছাড়া আগামী সোমবার কলেজের ছাত্র ছাত্রীদের মধ্যে ভোটার সচেতনতামূলক আল্পনা প্রতিযোগীতা ,মঙ্গলবার  এস ভিপ সেল ও জেলা পরিবহন আধিকারিকের যৌথ উদ্যোগে যানবাহনের পেছনে ভোটার সচেতনতা বার্তা সম্বলিত পোস্টার ও স্টিকার লাগানো ,বুধবার বিভিন্ন কলেজের ছাত্র ছাত্রী ও শিক্ষক শিক্ষিকাদের নিয়ে এস ভিপ সেলের প্রভাত ফেরী এবং পরবর্তী দিনগুলিতে অন্যান্য কার্যসূচী রয়েছে । গতকাল করিমগঞ্জের জেলা আয়ুক্তের সভাকক্ষে এস ভিপ সেলের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত উদয় শঙ্কর দত্ত ,সহকারী আয়ুক্ত প্রিয়ঙ্কা ইয়ুমনাম সহ বিশিষ্ট ব্যাক্তিদের অংশগ্রহণে অনুষ্ঠিত এক গুরুত্বপূর্ণ বৈঠকে নানা ধরণের কার্যসূচী আয়োজনের সিদ্ধান্ত গগ্রহণ করা হয় ।

---

এদিকে করিমগঞ্জ জেলায় আগামী ২৮ ও ৩০ শে মার্চ ভোটগ্রহণ কর্মীদের প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হবে । জেলার মোট ১০ টি শিবিরে সকাল ১০ টা থেকে বিকেল ৪ টা পর্যন্ত প্রশিক্ষণ পর্ব সম্পন্ন হবে ।জেলা আয়ুক্ত তথা জেলা নির্বাচনী আধিকারিক মৃদুল যাদব  প্রশিক্ষণ শিবির সফল করে তোলার জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশ জারী করেছেন । ওই দুদিন জেলার করিমগঞ্জ সদর ,রামকৃষ্ণ ,পাথারকান্দি ও নিলামবাজার রাজস্ব চক্রের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভোটগ্রহণ কর্মীদের প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হবে ।

---

দক্ষিণ হাইলাকান্দির পার্বত্য এলাকাতেও লোকসভা নির্বাচনের আগাম বার্তা পৌঁছে দিতে নির্বাচনী বিভাগ তৎপরতা শুরু করেছে । হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে ইতিমধ্যে ভোটদানের হার বৃদ্ধি করতে জেলায় ব্যাপক কার্যসূচী গ্রহণ করা হয়েছে  । গতকাল এস ভিপি সেলের পক্ষ থেকে অতিরিক্ত আয়ুক্ত পূজা দাওলাগাপুর নেতৃত্বে এক প্রতিনিধি দল দক্ষিণ হাইলাকান্দির ঘাড়মোড়ার পাশ্ববর্তী গাইচেনাউরি ও রামনাথপুর এলাকার কাঞ্চীওয়ালা গ্রামের জনসাধারণের সঙ্গে নির্বাচন সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন এবং তাদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করার আহ্বান জানান । উল্লেখ্য আগামী ২৬ শে এপ্রিল করিমগঞ্জ লোকসভা কেন্দ্রের অধীন  হাইলাকান্দি জেলায়ও দ্বিতীয় পর্যায়ের নির্বাচন অনুষ্ঠিত হবে ।

---

১৮ থেকে ১৯ বছর বয়সের প্রায় ১ কোটি ৮০ লক্ষ নতুন ভোটদাতা এবার আসন্ন লোকসভা নির্বাচনে প্রথম বারে মত তাদের ভোটাধিকার প্রয়োগ করবে । ভোটদানে তাদের উৎসাহিত করতে বিভিন্ন ধরণের সংস্থা ও সংগঠন সামাজিক মাধ্যমে আই - ভোট - ফর - সিয়র শীর্ষক অভীযান অব্যাহত রেখেছে ।

এদিকে , আমাদের আকাশবাণী সংবাদদাতা জানিয়েছেন যে আসন্ন নির্বাচনে এবার ২০ থেকে ২৯ বছর বয়সের প্রায় ১৯ কোটি ৭৪ লক্ষ ভোটদাতা  ভোটাধিকার প্রয়োগের মাধ্যমে তাদের রাজনৈতিক অধিকার নিশ্চিত করবেন । নির্বাচন কমিশন সূত্রে জানানো হয়েছে যে এ পর্যন্ত ১৭ বছর উর্দ্ধ প্রায় ১৩ লক্ষ যুবক-যুবতী ভোটদাতা হিসেবে নাম নথিভুক্ত করার জন্য আগাম আবেদন জানিয়ে ফর্ম জমা দিয়েছে । দেশের সর্ববৃহৎ গণতান্ত্রিক এই উৎসবকে সফল করে তুলতে এবং নতুন ভোটদাতাদের ভোটদানে উৎসাহিত করতে কমিশন ইতিমধ্যেই ক্রিকেট কিংবদন্তী শচীন তেন্ডুলকার এবং রাজকুমার রাওকে জাতীয় আইকন হিসেবে তুলে ধরেছে । সামাজিক মাধ্যম এবং আকাশবানীও আসন্ন নির্বচনে ভোটদাতাদের উৎসাহিত করতে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে চলেছে ।

---

সুপ্রীম কোর্টের বিচারপতি সুর্য কান্ত জেলাস্তরে বিচার বিভাগীয় ব্যবস্থাকে আরো শক্তিশালী করে তোলার ওপর গুরুত্ব আরোপ করে বলেছেন যে সাধারণ মানুষের কাছে জেলা আদালত গুলিই বিচার ব্যবস্থার প্রতিনিধি এবং শক্তিশালী মেরুদন্ড । আগরতলায় আজ ত্রিপুরা জুডিশিয়াল একাডেমীর দশম সম্মিলনে অংশ নিয়ে বক্তব্য রাখতে গিয়ে বিচারপতি সূর্য কান্ত এই মন্তব্য করে বলেন যে খুব দ্রুত জেলা পর্যায়ের আদালত গুলিকে শক্তিশালী করে তোলার প্রয়োজনীয়তা রয়েছে । তিনি বলেন যে একদিকে যেমন

সংখ্যাগরিষ্ঠ মানুষ জেলা পর্যায়ের আদালতে তাদের অভিযোগ নিয়ে উপস্থিত হোন অন্যদিক স্বল্প সংখ্যক মানুষ তাদের অভিযোগ নিয়ে হাই কোর্টে আবেদন জানান কিন্তু দিল্লীতে অবস্থিত সুপ্রীম কোর্টে আবেদন জানানোর বিষয়টি বেশীর ভাগ মানুষের কাছেই অসম্ভব বলে মনে হয় । তিনি বলেন যে বিবাবদমান বিষয়গুলির সমাধান করে সমাজে শান্তি প্রতিষ্ঠা করাই বিচার ব্যবস্থার মূল লক্ষ্য ।

---

কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ ( সি-বি-এস-ই ) সমগ্র দেশের সি-বি-এস-ই অনুমোদিত বিদ্যালয়গুলিতে আকষ্মিক পরিদর্শন চালিয়ে নকল ছাত্র-ছাত্রী উপস্থাপন এবং অযোগ্য প্রার্থী রাখা ইত্যাদি অভিযোগের ভিত্তিতে তদন্ত করে আসামের দুটি বিদ্যালয় সহ সমগ্র দেশের ২০টি বিদ্যালয়ের অনুমোদন বাতিল করা সহ দুটি বিদ্যালয়ের গ্রেড নিম্নগামী করেছে । অনুমোদন বাতিল করা ২০টি বিদ্যালয়ের মধ্যে গৌহাটির সাই-আর-এস একাডেমীর নাম রয়েছে । এই তালিকায় দিল্লীর সর্বোচ্চ ৫টি বিদ্যালয় রয়েছে । অন্যদিকে গ্রেস নিম্নগামী করা বিদ্যালয় গুলির তালিকায় বরপেটার শ্রী রাম একাডেমীর নাম অর্ন্তভুক্ত রয়েছে । সি-বি-এস-ইর এক প্রেস বিজ্ঞপ্তি যোগে এই তথ্য প্রকাশ করা হয়েছে ।

---

সমগ্র বিশ্বের সঙ্গে আসামেও আজ বিশ্ব ধরিত্রী ঘন্টা পালন করা হবে । পরিবেশ সুরক্ষার প্রতি লক্ষ্য রেখে ডাব্লু - ডাব্লু - এফ এর আহ্বানে পালন করা কার্যসূচি অনুসারে আজ রাত ৮টা থেকে সাড়ে ৯টা পর্যন্ত জনসাধারণকে পরিমিত পরিমানের বিদ্যুৎ ব্যবহারের আহ্বান জানানো হয়েছে । রাজ্যের প্রত্যেক জেলার সরকারী কার্যালয় এবং প্রতিষ্ঠানে এই সময় অপ্রয়োজনীয়ভাবে জ্বালিয়ে রাখা লাইট বন্ধ রাখা হবে । আসাম সরকারের সাধারণ প্রশাসন বিভাগ এ সম্পর্কে প্রয়োজনীয় নির্দেশনা জারী করেছে ।

---

দিল্লীর একটি আদালত সুরা নীতি সম্পর্কীত মামলায় মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালকে আগামী ২৮ মার্চ পর্যন্ত বিধি বলবৎকারী সঞ্চলকালয়ের জিম্মায় প্রেরণ করেছে । গত বৃহস্পতিবার রাতে গ্রেপ্তার করা কেজরিওয়ালকে গতকাল আদালতে হাজির করার পর বিশেষ সি বি আই বিচারপতি কাবেরী বায়েজাই এই নির্দেশ দেন । আদালতে বিধি বলবৎকারী সঞ্চালকালয় কেজরিওয়ালকে সুরা নীতি কেলেঙ্কারীর মূল সড়যন্ত্রকারী বলে উল্লেখ করে আগামী ১০ দিন তাদের জিম্মায় রাখার আবেদন জানিয়েছিল ।

তদন্তকারী সংস্থার জিম্মায় নিয়ে যাওয়ার সময় সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে শ্রী কেজরিওয়াল জানিয়েছেন যে তিনি কারাগারে থেকেই দেশের জন্য কাজ করে যাবেন । বিধি বলবৎকারী সংস্থা গত বৃহস্পতিবার রাতে তাকে গ্রেপ্তার করার সময়ই আম আদমী পার্টী জানিয়েছিল যে শ্রী কেজরিওয়ালই দিল্লীর মুখ্যমন্ত্রী পদে থাকবেন ।

---

কাছাড় জেলায় আজ এ আই ডি এস ও ,এ আই ডি ওয়াই ও ,এ আই এম এস এস এবং কমসমলের পক্ষ থেকে আজ শহীদ-ই-আজম ভগত সিং ,রাজগুরু এবং সুখদেবের আত্মবলিদান দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়েছে । সংগঠনগুলির যৌথ উদ্যোগে শিলচরের শহীদ ক্ষুদিরাম মূর্তির পাদদেশে অস্থায়ী শহীদ বেদী ও শহীদদের প্রতিকৃতি স্থাপন করে মাল্যদান করা হয় । এরপর কমসোমলের পক্ষ থেকে শহীদদের প্রতি গার্ড অফ অর্নার প্রদর্শন করা হয় এবং বিভিন্ন বক্তা প্রাসঙ্গিক বক্তব্য রাখেন ।এছাড়াও সংগঠনগুলির উদ্যোগে ধোয়ারবন্দ ,বাগবাহার ,বড়জালেঙ্গা ,দুধপাতিল , নতুন বাজার ,কাবুগঞ্জ ইত্যাদি স্থানেও নানা ধরণের অনুষ্ঠানের আয়োজন করা হয় ।

---

করিমগঞ্জ জেলায় আজ রক্তাল্পতার বিরুদ্ধে লড়াই করতে পদক্ষেপ গ্রহণ করে স্বাস্থ্য ও সুস্থতা কেন্দ্রে ( আয়ুষ্মান আরোগ্য মন্দির) টি থ্রি পরীক্ষা ও চকিৎসা শিবির অনুষ্ঠিত হয়েছে । জাতীয় স্বাস্থ্য মিশনের করিমগঞ্জের ডিস্ট্রিক্ট মিডিয়া এক্সপার্ট সুমন চৌধুরী জানান যে এই শিবিরগুলি পোষন মাস উদযাপনের অংশ হিসেবে এবং রক্তাল্পতার পরীক্ষা ,চিকিৎসা প্রদান এবং সুস্থ থাকার বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা ,বিশেষ করে গর্ভবতী মহিলা এবং অল্প বয়সের মেয়েদের জন্য অনুষ্ঠিত হচ্ছে ।

নেতাজী সুভাষ চন্দ্র বসু চর্চা সমিতি কাছাড়ের পক্ষ থেকে সোনাই স্বাধীন বাজারের বিশিষ্ট শিক্ষাবিদ ও সোনাই এন জি হাইয়ার সেকেন্ডারী স্কুলের প্রাক্তন অধ্যক্ষ মণির উদ্দিন লস্করের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করা হয়েছে । নেতাজী সুভাষ চন্দ্র বসু চর্চা সমিতির বিভিন্ন উন্নয়নমূলক কাজে মণিরুদ্দিন লস্কর উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছেন বলে সংগঠনের সাধারণ সম্পাদক সুব্রত চন্দ্র নাথ জানান । এছাড়াও মণির উদ্দিন লস্করের মৃত্যুতে শিলচর-লামডিং ব্রডগেজ রূপায়ন সংগ্রাম সমিতির অন্যতম আহ্বায়ক অধ্যাপক অজয় রায় শোক প্রকাশ করেছেন ।